

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, এপ্রিল ৭, ২০০৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
বিজ্ঞপ্তি

তারিখ, ২৪ চৈত্র ১৪১৪ বঙ্গাব্দ/০৭ এপ্রিল ২০০৮ খ্রিস্টাব্দ

নং ১০(মুঃপ্রঃ)।—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের রাষ্ট্রপতি কর্তৃক ২৩ চৈত্র, ১৪১৪ বঙ্গাব্দ মোতাবেক ০৬ এপ্রিল, ২০০৮ খ্রিস্টাব্দ তারিখে প্রণীত নিম্নে উল্লেখিত অধ্যাদেশটি এতদ্বারা জনসাধারণের জ্ঞাতার্থে প্রকাশ করা হইল।

অধ্যাদেশ নং ১০, ২০০৮

বার কাউন্সিল (অস্থায়ী বিধান) অধ্যাদেশ, ২০০৭ (২০০৭ সনের ১৬ নং অধ্যাদেশ) সংশোধনকল্পে
প্রণীত

অধ্যাদেশ

যেহেতু নিম্নবর্ণিত উদ্দেশ্যসমূহ পূরণকল্পে বার কাউন্সিল (অস্থায়ী বিধান) অধ্যাদেশ, ২০০৭ (২০০৭ সনের ১৬ নং অধ্যাদেশ) এর সংশোধন সমীচীন ও প্রয়োজনীয়; এবং

যেহেতু সংসদ ভাদিয়া যাওয়া অবস্থায় রহিয়াছে এবং রাষ্ট্রপতির নিকট ইহা সন্তোষজনকভাবে প্রতীয়মান হইয়াছে যে, আশু ব্যবস্থা গ্রহণের জন্য প্রয়োজনীয় পরিস্থিতি বিদ্যমান রহিয়াছে;

সেহেতু গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ৯৩(১) অনুচ্ছেদে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি নিম্নরূপ অধ্যাদেশ প্রণয়ন ও জারী করিলেন ঃ—

১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।—(১) এই অধ্যাদেশ বার কাউন্সিল (অস্থায়ী বিধান) (সংশোধন) অধ্যাদেশ, ২০০৮ নামে অভিহিত হইবে।

(২) ইহা ১ ফেব্রুয়ারি, ২০০৮ তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

২। ২০০৭ সনের ১৬ নং অধ্যাদেশ এর ধারা ৪ এর সংশোধন।—বার কাউন্সিল (অস্থায়ী বিধান) অধ্যাদেশ, ২০০৭, অতঃপর উক্ত অধ্যাদেশ বলিয়া উল্লিখিত, এর ধারা ৪ এর উপ-ধারা (৪) এর পরিবর্তে নিম্নরূপ উপ-ধারা (৪) প্রতিস্থাপিত হইবে, যথা :—

“(৪) উপ-ধারা (১) এর অধীন গঠিত এডহক বার কাউন্সিল ধারা ৭ এর অধীন নির্বাচিত বার কাউন্সিল দায়িত্বভার গ্রহণ না করা পর্যন্ত কার্যকর থাকিবে।”।

৩। ২০০৭ সনের ১৬ নং অধ্যাদেশ এর ধারা ৭ এর সংশোধন।—উক্ত অধ্যাদেশের ধারা ৭ এর—

(ক) উপ-ধারা (১) এর “৩১ ডিসেম্বর ২০০৭” সংখ্যাগুলি ও শব্দের পরিবর্তে “৩০ নভেম্বর ২০০৮” সংখ্যাগুলি ও শব্দ প্রতিস্থাপিত হইবে;

(খ) উপ-ধারা (২) এর পরিবর্তে নিম্নরূপ উপ-ধারা (২) প্রতিস্থাপিত হইবে, যথা :—

“(২) সরকার কর্তৃক, সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, নির্ধারিত তারিখে উপ-ধারা (১) এর অধীন নির্বাচনের মাধ্যমে গঠিত বার কাউন্সিল উহার দায়িত্বভার গ্রহণ করিবে এবং ৩০ জুন ২০১২ তারিখে উহার মেয়াদের অবসান হইবে।”।

তারিখ : ২৩ চৈত্র ১৪১৪ বঙ্গাব্দ
০৬ এপ্রিল ২০০৮ খ্রিস্টাব্দ।

প্রফেসর ড. ইয়াজউদ্দিন আহম্মেদ
রাষ্ট্রপতি
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ।

কাজী হাবিবুল আউয়াল
ভারপ্রাপ্ত সচিব।